

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জানুয়ারি ৫, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
মজুরী বোর্ড শাখা
প্রজ্ঞাপন

তারিখ: ০৭ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ/২২ ডিসেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

নং ৪০.০০.০০০০.০১৬.৯৯.০০৯.২৪-২০৭—শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের স্মারক নং ৪০.০০.০০০০.০৪২.৪১.০০৪.২৪-২৪১, তারিখ: ২৯-০৯-২০২৪ মূলে গঠিত “নিম্নতম মজুরি পুনঃমূল্যায়ন এবং বাৎসরিক ইনক্রিমেন্ট” কমিটির সুপারিশের আলোকে সরকার নিম্নবর্ণিতভাবে পোশাক শিল্প সেক্টরের বাৎসরিক ইনক্রিমেন্ট ঘোষণা করিল, যথা :—

- ১। বিদ্যমান শতকরা ৫ ভাগ বেতন বৃদ্ধির সাথে আরও শতকরা ৪ ভাগ যুক্ত করে সর্বমোট শতকরা ৯ ভাগ বাৎসরিক ইনক্রিমেন্ট বৃদ্ধির সুপারিশ করা হলো;
- ২। নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক নির্ধারিত বাৎসরিক ইনক্রিমেন্ট অর্থাৎ শতকরা ৫ ভাগ বিদ্যমান অবস্থায় অব্যাহত থাকিবে;
- ৩। কমিটি কর্তৃক সুপারিশকৃত বাৎসরিক ইনক্রিমেন্ট শতকরা ৪ ভাগ বৃদ্ধি ১ ডিসেম্বর ২০২৪ থেকে কার্যকর হবে, যা জানুয়ারি ২০২৫ মাসে প্রদেয় বেতনের সাথে প্রদান করিতে হইবে;
- ৪। বেতন বৃদ্ধির সাথে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (সর্বশেষ সংশোধিত) সম্পর্কিত অন্যান্য সুবিধাদিও প্রাসঙ্গিক হইবে;
- ৫। এ মজুরি বৃদ্ধি সরকার কর্তৃক পুনঃমূল্যায়ন অথবা নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক পরবর্তী নিম্নতম মজুরি হার ঘোষণা না করা পর্যন্ত অব্যাহত থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

পূর্ববী গোলদার
সিনিয়র সহকারী সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৬৫)

মূল্য : টাকা ৪.০০